

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

বয়স, রিযিক, জ্ঞান, আমল ও আনুগত্যের বরকত কমিয়ে দেয়

8২. গুনাহ্ বয়স, রিযিক, জ্ঞান, আমল ও আনুগত্যের বরকত কমিয়ে দেয়। তথা দীন-দুনিয়ার সকল বরকতে ঘাটতি আসে। কারণ, সকল বরকত তো আল্লাহ্ তা'আলার আনুগত্যের মধ্যেই সীমাবদ্ধ।

আল্লাহ্ তা'আলা বলেন:

«وَلَوْ أَنَّ أَهْلَ الْقُرَى آمَنُوْا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكَاتِ مِّنَ السَّمَآءِ وَالْأَرْضِ»

"জনপদবাসীরা যদি ঈমান আনতো এবং তাকওয়া অবলম্বন করতো তা হলে আমি তাদের জন্য আকাশ ও জমিনের বরকতের দ্বার খুলে দিতাম"। (আ'রাফ : ৯৬)

আল্লাহ তা'আলা আরো বলেন:

«وَأَنْ لَّوِ اسْتَقَامُوا عَلَى الطَّرِيْقَةِ لَأَسْقَيْنَاهُمْ مَّآءً غَدَقًا»

"তারা যদি সত্যপথে প্রতিষ্ঠিত থাকতো তা হলে আমি নিশ্চয়ই তাদেরকে প্রচুর বারি বর্ষণের মাধ্যমে সমৃদ্ধ করতাম"। (জিন : ১৬)

জাবির বিন্ 'আব্দুল্লাহ্ ও আবূ উমা'মাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

إِنَّ رُوْحَ الْقُدُسِ نَفَتَ فِيْ رُوْعِيْ أَنَّهُ لَنْ تَمُوْتَ نَفْسٌ حَتَّى تَسْتَكْمِلَ رِزْقَهَا، فَاتَّقُوْا اللهَ وَأَجْمِلُوْا فِيْ الطَّلَبِ، فَإِنَّهُ لَنْ يُنَالُ مَا عِنْدَ اللهِ إِلاَّ بِطَاعَتِهِ، وَإِنَّ اللهَ جَعَلَ الرَّوْحَ وَالْفَرَحَ فِيْ الرِّضَى وَالْيَقِيْنِ، وَجَعَلَ اللهَمَّ وَالْحُزْنَ فِيْ الرَّضَى وَالْيَقِيْنِ، وَجَعَلَ اللهَمَّ وَالْحُزْنَ فِيْ الشَّكِّ وَالسُّخْطِ.

"নিশ্চয়ই জিব্রীল (আঃ) আমার অন্তরে এ মর্মে ভাবোদয় করলেন যে, কোন প্রাণী মৃত্যু বরণ করবে না যতক্ষণ না সে নিজ রিযিক সম্পূর্ণরূপে গ্রহণ করে। সুতরাং তোমরা আল্লাহ্ তা'আলাকে ভয় করো এবং শরীয়ত সম্মত উপায়ে ভালোভাবে উপার্জন করো। কারণ, এ কথা সবারই জানতে হবে যে, আল্লাহ্ তা'আলার নিকট থেকে কিছু পেতে হলে তাঁর আনুগত্য অবশ্যই করতে হবে। আর আল্লাহ্ তা'আলা একমাত্র তাঁর উপর সন্তুষ্টি ও দৃঢ় বিশ্বাসের মধ্যেই মানুষের জন্য রেখেছেন সুখ ও শান্তি এবং তাঁর উপর অসন্তুষ্টি ও সন্দেহের মধ্যেই রেখেছেন ভয় ও আশক্ষা"।

(ইব্ৰু মাজাহ্ ২১৪৪ বায়হাকী ৫/২৬৫ আবৃ নু'আঈম/'হিল্ইয়াহ্ ১০/২৭)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন